

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা-১২১২
(প্রশাসন শাখা)
www.brta.gov.bd

নম্বর-৩৫.০৩.০০০০.০০০.০০১.১৯.০১৮১.২৫- ৫৬০

তারিখ : ২২.০৩.২০২৬ খ্রি.


অফিস আদেশ

ইদানীং লক্ষ্য করা যাচ্ছে যে, প্রতারক চক্র বিআরটিএ'র বিভিন্ন কর্মকর্তা/কর্মচারীর নাম ও ছবি ব্যবহার করে সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মের মাধ্যমে বিআরটিএ'র কর্মকর্তা/কর্মচারী এবং সাধারণ গ্রাহকদের নিকট বিভিন্ন অনৈতিক সুবিধা (যেমন: বদলি, পদোন্নতি, স্মার্ট কার্ড প্রিন্ট ইত্যাদি) দেওয়ার প্রলোভন দেখিয়ে অর্থ দাবি করছে এবং মোবাইল ফোনে যোগাযোগ করে হয়রানি করছে।

২। উল্লেখ্য যে, বর্তমানে বিআরটিএ'র সকল সেবা কার্যক্রম অনলাইনভিত্তিক এবং গ্রাহকগণ BSP (BRTA Service Portal)-এর মাধ্যমে সরাসরি সকল সেবা গ্রহণ করতে পারছেন। বিআরটিএ'র কোনো কাজের উদ্দেশ্যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে অনলাইনে আর্থিক লেনদেন করা সম্পূর্ণ নিষিদ্ধ।

৩। বর্ণিত অবস্থায়, সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, কর্মচারী এবং সেবাগ্রহীতা সাধারণকে উক্ত প্রতারক চক্রের বিষয়ে সর্বোচ্চ সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো। কোনো প্রকার প্রলোভন বা আর্থিক লেনদেনের প্রস্তাবে সাড়া না দিয়ে এ ধরনের কোনো অনাকাঙ্ক্ষিত যোগাযোগ বা প্রতারণার ঘটনা ঘটলে তাৎক্ষণিকভাবে কর্তৃপক্ষকে (সংশ্লিষ্ট সার্কেল প্রধান/বিভাগীয় পরিচালক) অথবা আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এই আদেশ জারি করা হলো।



তানভীর আহমেদ সিদ্দিকী
উপপরিচালক (প্রশাসন) প্রতিকল্প
ফোন : ৪১০৮২৯৮৯
ই-মেইল: dda@brta.gov.bd

নম্বর-৩৫.০৩.০০০০.০০০.০০১.১৯.০১৮১.২৫. ৫৬০

তারিখ : ২২.০৩.২০২৬ খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। পরিচালক (সকল)....., বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা (তৌর অধীনস্থ সকলকে অবহিতকরণের অনুরোধসহ) ;
- ২। পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ বিভাগীয় অফিস,.....(তৌর অধীনস্থ সকলকে অবহিতকরণের অনুরোধসহ);
- ৩। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৪। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৫। চেয়ারম্যানের একান্ত সচিব, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা; এবং
- ৬। অফিস কপি।